

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ অধিশাখা
www.lgd.gov.bd

নং-৪৬.৪২.৫৪০০.০০০.১৪.০২১.১৫. ৬৫৫

তারিখ: ০২ চৈত্র ১৪২২ বঙ্গাব্দ
২৭ মার্চ ২০১৬ খ্রিষ্টাব্দ

বিষয়: ২০১৫-২০১৬ অর্থ বছরে এডিপি সাধারণ বরাদ্দ উপ খাতের আওতায় গৃহীত উন্নয়নমূলক প্রকল্প বাস্তবায়নের প্রশাসনিক অনুমোদন।

সূত্র: মাদারীপুর জেলা পরিষদ কার্যালয়ের স্মারক নং- জেপমা-উন্নয়ন-১২/২০১৬/৩৩, তারিখ: ১৮/২/২০১৬।


উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে ২০১৫-২০১৬ অর্থ বছরে এডিপি সাধারণ বরাদ্দের আওতায় ১২৫.৫০ লক্ষ (এক কোটি পঁচিশ লক্ষ পঞ্চাশ হাজার) টাকায় গৃহীত ৪২ টি প্রকল্পের মধ্যে ক্রমিক নং-৯ এ বর্ণিত ১.০০ লক্ষ (এক লক্ষ) টাকায় গৃহীত সদর উপজেলাধীন সরকারী প্রাথমিক বিদ্যালয়ের অসমাপ্ত ভবনের স্থলে টিনের শ্রণী কক্ষ নির্মাণ প্রকল্পটি প্রাথমিক ও গণ শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমে বাস্তবায়ন যুক্তিযুক্ত বিধায় উক্ত প্রকল্পটি ব্যতিত অবশিষ্ট ১২৪.৫০ লক্ষ (এক কোটি চব্বিশ লক্ষ পঞ্চাশ হাজার) টাকায় গৃহীত এতদসঙ্গে সংযুক্ত তালিকায় বর্ণিত ৪১ টি প্রকল্প নিম্নে বর্ণিত শর্তে বিধি মোতাবেক বাস্তবায়নের প্রস্তাবে নির্দেশক্রমে অনুমোদন দেয়া হলো:

শর্তসমূহ:

- ১) প্রকল্পসমূহের প্রাক্কলন নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, মাদারীপুর কর্তৃক পরীক্ষা করে স্থানীয় সরকার বিভাগকে অবহিত রেখে বাস্তবায়নের কার্যক্রম গ্রহণ করতে হবে;
- ২) দৈততা পরিহারের লক্ষ্যে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/এলজিইডি/সড়ক ও জনপথ বিভাগ কর্তৃক বর্ণিত রাস্তাসমূহের উন্নয়ন কাজ করা হয়নি মর্মে প্রত্যয়ন গ্রহণ করতে হবে;
- ৩) সাধারণ জনগণ পানি পান করতে পারে এরূপ উন্মুক্ত এলাকায় গভীর নলকূপ স্থাপন করতে হবে এবং নলকূপটি 'সাধারণ জনগণের পানীয় জলের জন্য' এরূপ একটি সাইনবোর্ড স্থাপন করতে হবে।

সংযুক্ত: বর্ণনামতে।

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, মাদারীপুর।


(জুবাইদা নাম্বরীন)
উপসচিব

ফোন: ৯৫৭৫৫৬৮

Email-lgzp@lgd.gov.bd

অনুলিপি-জ্ঞাতার্থে/কার্যার্থে:

- ১। মহাপরিচালক (মইইউইং), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। বিভাগীয় কমিশনার, বরিশাল।
- ৩। পরিচালক, স্থানীয় সরকার, বরিশাল (অনুমোদিত প্রকল্পটি সরেজমিনে পরিদর্শন করে প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
- ৪। প্রশাসক, জেলা পরিষদ, মাদারীপুর।
- ৫। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।